

গীতাঞ্জলি

৩০

পারবি না কি যোগ দিতে এই ছন্দেরে,
খসে' যাবার ভেসে যাবার
ভাঙবারই আনন্দে রে ?

৩১৪

গীতাঞ্জলি

পাতিয়া কান শুনিস না যে
দিকে দিকে গগন মাঝে
মরণ-বীণায় কি সুর বাজে
তপন-তারা-চন্দ্রেরে
জালিয়ে আগুন ধেয়ে ধেয়ে
জলবারই আনন্দে রে ।

পাগল করা গানের তানে
ধায় যে কোথা কেই বা জানে,
চায় না ফিরে পিছন পানে
রয় না বাঁধা বক্ষেরে
লুটে যাবার ছুটে যাবার
চলবারই আনন্দে রে ।

সেই আনন্দ-চরণপাতে
ছয় ঝতু যে নৃত্যে মাতে,
প্লাবন বহে' যায় ধরাতে
বরণ গীতে গক্ষেরে
ফেলে দেবার ছেড়ে দেবার
মরবারই আনন্দে রে ॥

১৮ই ভাদ্র, ১৩১৬ ।